tal No. of Printed Pages—7

**2 SEM TDC BNL MIL (A) 1**

**2 0 1 5**

( May )

# BENGALI

( Modern Indian Language )

**( Arts )**

Course : 201

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*Candidates* ***eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***9***

*Full Marks* : 80

*Pass Marks* : 32/24

*Candidates* ***not eligible*** *for Internal Assessment shall answer Question Nos.* ***1*** *to* ***12***

*Full Marks* : 100

*Pass Marks* : 40/30

## ক—বিভাগ

( মূল্যাঙ্ক : ৩০ )

১। সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সোনার তরী' কাব্যটি ইংরেজী কত সালে প্রকাশিত হয়?

(খ) ''গগনে গরজে মেঘ, ঘন বরষা।
——, নাহি ভরসা।''

শূন্যস্থান পূর্ণ কর।

(গ) 'সোনার তরী'-র অব্যবহিত পরবর্তী কাব্যখানির নাম কি?

(ঘ) ''দিব না দিব না যেতে—ডাকিতে ডাকিতে
হু হু ক'রে তীব্রবেগে চ'লে যায় সবে
পূর্ণ করি বিশ্বতট আর্ত কলরবে।''

এটি কোন্ কবিতার অন্তর্গত?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) '' 'সমুদ্রের প্রতি' কবিতাটি জল-স্থল-আকাশের সহিত কবির একাত্মতার অনুভূতিতে পরিপূর্ণ।''

কবিতাটি বিশ্লেষণ করে উক্ত মন্তব্যটির সত্যতা প্রতিপন্ন কর।

(খ) 'সোনার তরী' কবিতাটির মর্মার্থ সংক্ষেপে বর্ণনা কর।

(গ) ''জল-স্থল-আকাশের সহিত একাত্মতাবোধ ও সর্বত্র নিজেকে ব্যাপ্ত করিয়া বিলাইয়া দিবার ব্যাকুলতা প্রকাশ পাইয়াছে 'বসুন্ধরা' কবিতায়।''

আলোচনা কর।





৩। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) 'যেতে নাহি দিব' কবিতায় গৃহিণী কি কি সরঞ্জাম তার স্বামীর জন্য বেঁধে দিয়েছিল, বর্ণনা কর।

(খ) ''হে আদি জননী সিন্ধু বসুন্ধরা সন্তান তোমার,
একমাত্র কন্যা তব কোলে।''

কবি 'সিন্ধু'কে 'আদি জননী' কেন বলেছেন? 'একমাত্র কন্যা' বলতে কার কথা বলেছেন?

## খ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ফসিল' গল্পে বর্ণিত 'নেটিভ স্টেট'-এর নাম কি?

(খ) 'টোপ' গল্পে কাকে 'টোপ' হিসাবে ব্যবহার করা হয়েছে?

(গ) লেখক সমরেশ বসু কোন্ ঘটনাকে কেন্দ্র করে 'আদাব' গল্পটি লিখেছেন?

(ঘ) ময়নার স্বামীর নাম কি?

৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১৩

(ক) ''গ্রামীণ মানুষের প্রতিরোধের সবল চিত্র 'হারাণের নাতজামাই' গল্পে অঙ্কিত।''

আলোচনা কর।

(খ) ''সেই দিন রাত্রেই শিকারের প্রথম অভিজ্ঞতা।''

'টোপ' গল্প অবলম্বন করে বক্তার শিকারের সেই প্রথম অভিজ্ঞতার কথা তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

(গ) '' 'আদাব' গল্পটিতে একই সঙ্গে মানবতার জয় ও পরাজয়ের কাহিনী অত্যন্ত নিপুণতার সহিত বর্ণিত হয়েছে।''

আলোচনা কর।

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২

(ক) অঞ্জনগড়ের 'ল এজেন্ট' মি. মুখার্জীর চরিত্রটি সংক্ষেপে আলোচনা কর।

(খ) ময়নার মা বলে, ''দ্যাখেন আইসা, তল্লাস করেন।''

কাকে উদ্দেশ্য করে ময়নার মা একথা বলেছে? 'তল্লাস' করে তিনি কি পেয়েছেন, সংক্ষেপে লেখ।

(গ) ''নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব—আদাব।''

বক্তা কে? বিদায়ের পর বক্তার কি হল, সংক্ষেপে লেখ।

(ঘ) ''বসে বসে কি ভাবে জগমোহন, আর কাঁদায় না ময়নাকে।''

জগমোহনের ভাব পরিবর্তনের কথা সংক্ষেপে লেখ।





## গ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২৫ )

৭। ''কোন বিশেষ ব্যক্তিবর্গ বা বিশেষ ঐতিহাসিক ঘটনাকে এ নাটকে চিত্রিত করা হয়নি। আবার তিরিশ দশকের প্রথম ভাগের পূর্ব বাংলায় জেগে ওঠা যুবকদের বজ্রকঠিন মুখগুলোকে সাধারণত সামগ্রিকভাবে এ নাটকে ধরে রাখার চেষ্টা হয়েছে।''

'ফেরারী ফৌজ' নাটক সম্পর্কে এই মন্তব্যটির যাথার্থ্য বিচার কর। ১৩

*অথবা*

'ফেরারী ফৌজ' নাটকের দেবব্রত ঘোষ (মাস্টার মশাই)-এর চরিত্রটি আলোচনা কর।

৮। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) হিতেন দাশগুপ্ত

(খ) রাধারাণী

(গ) নীলমণি

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ফেরারী ফৌজ' নাটকের নামটি কার দেওয়া?

(খ) ফাদার ফ্ল্যানাগান জাতিতে কি ছিলেন?

(গ) 'ফেরারী ফৌজ' নাটকটি প্রথম কোন্ মঞ্চে অভিনীত হয়?

(ঘ) গোপা কার নাম?

## ঘ—বিভাগ

( *মূল্যাঙ্ক* : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

১০। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সোনার তরী' কাব্যের শেষ কবিতাটির নাম কি?

(খ) 'যেতে নাহি দিব' কবিতায় কোন্ ঋতুর উল্লেখ আছে?

(গ) দেবব্রত ঘোষ ভুল করে বোমা ছুঁড়ে কাকে হত্যা করেছিল?

(ঘ) হারাণের বাড়ী কোন্ গ্রামে ছিল?

১১। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন একটি) : ৪

(ক) "যেতে আমি দিব না তোমায়।"

বক্তা কে? একথা বলার পর বক্তা কি করল, বর্ণনা কর।

(খ) "এ একটা আগুন, একটা হাউইয়ের সঙ্গে প্রেম করতে পারে কেউ?"

কার উক্তি? এরূপ উক্তির কারণ কি, বুঝিয়ে দাও।





(গ) "অনেকক্ষণ এই সন্ধিহান ও অস্বস্তিকর অবস্থায় দুজনেই অধৈর্য হয়ে পড়ে।"

'আদাব' গল্প অবলম্বনে সেই 'সন্দিহান ও অস্বস্তিকর অবস্থা'-র বর্ণনা কর।

১২। 'আদাব' গল্পের বিষয়বস্তু আলোচনা কর। ১২

*অথবা*

'যেতে নাহি দিব' কবিতার বিষয়বস্তু লেখ।

★★★